২০১৯

# বাংলা

( স্নাতকোত্তর )

COURSE NO. : BNG-105

*পূর্ণমান ঃ ৪০*

*সময় ঃ ২ ঘণ্টা*

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

## বিভাগ — ক

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৪

১। ‘তোতা ইতিহাস’ কার লেখা ? এটি কোন্ গ্রন্থের বঙ্গানুবাদ ? ১+১

২। রামমোহন রায়ের লেখা দুটি অনুবাদ গ্রন্থের নাম লেখো । ২

৩। ভারতবর্ষীয়রা কোথায় কোথায় উপনিবেশ স্থাপন করেছিল ? ২

৪। ‘শিক্ষা ও সংস্কৃতি’ প্রবন্ধটি কবে কোথায় পাঠ করা হয়েছিল ? এটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়েছিল ? ১+১

( Turn Over )

৫। 'শকুন্তলা' গদ্য আখ্যানটির পঞ্চম পরিচ্ছেদের সারমর্ম অতি সংক্ষেপে লেখো। ২

৬। 'শকুন্তলা' গদ্য আখ্যানে বিদূষক চরিত্রটির নাম কী ? এই আখ্যানে চরিত্রটির প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+১

৭। 'কমলাকান্তের দপ্তর' কোন্ গ্রন্থের অন্তর্গত ? গ্রন্থটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো। ২

৮। 'কমলাকান্তের দপ্তর'-এর কমলাকান্ত চরিত্রে কোন্ বিদেশী চরিত্রের প্রতিফলন ঘটেছে ? ২

## বিভাগ—খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৪

৯। 'শকুন্তলা' গদ্য আখ্যানে ষষ্ঠ পরিচ্ছেদের প্রাসঙ্গিকতা বিচার করো। ৪

১০। কালিদাসের 'অভিজ্ঞানম্ শকুন্তলম' থেকে বিদ্যাসাগরের 'শকুন্তলা' কোন্ কোন্ দিক থেকে স্বতন্ত্র ? ৪

১১। বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে লেখো। ৪

১২। 'সপ্তদশ পাঠান কর্তৃক বঙ্গজয় হইয়াছিল, এ কলঙ্ক মিথ্যা'— এরূপ মন্তব্যের কারণ কী ? ৪

১৩। ভারতীয় আদর্শ কী ? বিশ্বভারতীকে কেন তা বিশ্বের সামনে তুলে ধরতে বলা হয় ? ১+৩

১৪। গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৪

১৫। 'একটি গীত' রচনায় সংযোজিত বৈষ্ণব পদটি উদ্ধৃত করো। ৪

১৬। "অতএব এই বিশ্বসংসার একটি বৃহৎ বাজার সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইয়া বসিয়া আছে।"—বিশ্ব সংসারকে বৃহৎ বাজার বলার কারণ কী ? ৪

## বিভাগ—গ

যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৮×২

১৭। 'শকুন্তলা' গদ্য আখ্যানে লেখকের মৌলিকত্ব বিচার করো।

১৮। 'একা' রচনাটি যেন একটি 'পোয়েটিক মনোলগ'— মন্তব্যটি ব্যাখ্যা করো।

১৯। বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

২০। 'মোপাসাঁ–চেখফ্–রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে সংশ্লিষ্ট গল্পকারদের ছোটগল্প রচনার বৈশিষ্ট্য গুলি সম্পর্কে আলোচনা করো।

---